

জেলায় জেলায় পরিচ্ছন্নতার দায়িত্বে শিক্ষার্থীরা

আমাদের সময় ডেস্ক

০৮ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



আগুনে ভস্মিভূত খুলনা প্রেসক্লাবে গতকাল পরিচ্ছন্নতা অভিযান চালান বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীরা যকামরুল আহসান

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পুলিশের অনুপস্থিতিতে বিভিন্ন জেলার ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্ব নিয়েছেন শিক্ষার্থীরা। এতে সড়কে যানবাহন চলাচল অনেকটাই গতি পেয়েছে; স্বস্তি ফিরেছে সাধারণ মানুষের মধ্যে। পাশাপাশি বিভিন্ন এলাকায় শিক্ষার্থীরা সড়ক ও আন্দোলনে ক্ষতিগ্রস্ত জায়গাগুলো পরিষ্কার করছেন। শিক্ষার্থীদের এই ভূমিকায় সাধারণ মানুষ প্রশংসা করছেন। পথচারীরা তাদের বাহবা দিচ্ছেন। প্রতিনিধিদের পাঠানো খবর

রাজবাড়ী : শহরে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান শেষে সড়কে গাড়ি চলাচলসহ অন্যান্য শৃঙ্খলা রক্ষার কাজ করছেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং সংগঠনের স্বেচ্ছাসেবকরা। গতকাল বুধবার সকাল থেকে রাজবাড়ী শহরের রেলগেট, বড়পুল, কোর্ট মোড়সহ বিভিন্ন এলাকায় তারা সড়কে কাজ করছেন। তারা যাত্রীবাহী বাস, ব্যক্তিগত গাড়ি, মোটরসাইকেল, ব্যাটারিচালিত অটো বাইক নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করছেন। একই সঙ্গে কেউ যেন হেলমেট ছাড়া মোটরসাইকেল চালাতে না পারেন, সেদিকেও কড়া নজর রাখছেন তারা।

চাঁদপুর : বুধবার সকালে পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম শুরু করেছেন চাঁদপুর ও ফরিদগঞ্জ উপজেলার বিভিন্ন স্কুল-কলেজ-মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সড়কে পড়ে থাকা অসংখ্য ইটপাটকেল ও ময়লা-আবর্জনা সরিয়ে নিয়ে পরিষ্কার করেন শিক্ষার্থীরা। এ ছাড়া পৌরসভা ভবনের ও উপজেলা পরিষদ চত্বরের ভাঙচুর করা আবর্জনাও তারা পরিষ্কার করেন। পরে উপজেলার রূপসা রাস্তার চত্বরে দূরবস্থায় থাকা সড়কও মেরামত করেন শিক্ষার্থীরা।

রাঙামাটি : বুধবার সকাল থেকে শহরের গুরুত্বপূর্ণ মোড় বনরুপাসহ বেশ কিছু এলাকায় ট্রাফিক সিগন্যালের কাজ করার সঙ্গে সঙ্গে সড়ক পরিষ্কার করেছেন শিক্ষার্থীরা। তারা বিভিন্ন রাস্তার মোড়ে মোড়ে দাঁড়িয়ে সড়কের গাড়ি নিয়ন্ত্রণ করছেন। যানবাহন চালকদের হাতজোড় করে ট্রাফিক আইন

মেনে চলার অনুরোধ করেন।

ঝিনাইদহ : শহরের বিভিন্ন এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা। গতকাল বুধবার সকালে শহরের পায়রা চত্বর, প্রেরণা একাত্তর চত্বর, হামদহ, আরাপপুরসহ কয়েকটি এলাকায় সড়ক পরিষ্কার করতে দেখা যায় তাদের। সড়কে ছড়িয়ে-ছিটিয়ে থাকা বিভিন্ন ময়লা-আবর্জনা সরিয়ে নিয়ে এবং ঝাড়ু ও বেলচা দিয়ে রাস্তার পাশের ময়লা, ফুটপাথে পড়ে থাকা আবর্জনা পরিষ্কার করে পৌরসভার ময়লার স্তুপে রাখা হয়। এ কর্মসূচি চলমান থাকবে বলে জানান শিক্ষার্থীরা।

কমলগঞ্জ (মৌলভীবাজার) : বুধবার সকাল থেকে দিনব্যাপী কমলগঞ্জ উপজেলার আদমপুর বাজার, নৈনারপার বাজারসহ কয়েকটি ইউনিয়নের বিভিন্ন বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনা, রাস্তাঘাটের আবর্জনা পরিষ্কার করে ও লোকজনদের এ বিষয়ে সচেতন হওয়ার পরামর্শ দেন শিক্ষার্থীরা। পুরো সপ্তাহজুড়ে বিভিন্ন এলাকায় পরিচ্ছন্নতা কর্মসূচি চলবে বলে জানান তারা।

ফুলবাড়ী (কুড়িগ্রাম) : ফুলবাড়ীতে সদরের মসজিদ-মন্দির ও শহীদ মিনার পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করেছেন বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীরা। বুধবার দুপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ফুলবাড়ী শাখার শিক্ষার্থীরা উপজেলা সদরের কদচারী মাঠের মসজিদ, কেন্দ্রীয় দুর্গা মন্দির, কালী মন্দির ও ফুলবাড়ী জছিমিয়া মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনারে পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করেছেন।

[সারা দেশ থেকে আরও পড়ুন](#)